

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 07-02-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Business Conclave :

শিল্প ও বাণিজ্য দপ্তরের উদ্যোগে দুইদিনব্যাপী বিজনেস কনক্লেভ-২০২৫ আজ থেকে আগরতলায় শুরু হচ্ছে। কনক্লেভের থিম হলো ডেস্টিনেশন ত্রিপুরা-ল্যান্ড অব অপারচুনিটিজ। গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা জানান, এই কনক্লেভে দেশের ১০০-এর বেশি শিল্পপতি অংশ নেবেন। এই বিজনেস কনক্লেভ আয়োজনের মূখ্য উদ্দেশ্য হচ্ছে উত্তর-পূর্ব ভারতে বিনিয়োগের মূল গন্তব্য হিসাবে ত্রিপুরার সম্ভাবনাকে তুলে ধরা। পাশাপাশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, স্থানীয় শিল্পকে উৎসাহ দান, রাজ্যের প্রাকৃতিক সম্পদ সহ রাজ্য সরকারের শিল্প বান্ধব নীতি সমূহ বিনিয়োগকারীদের কাছে তুলে ধরা।

North East Trade and Investment :

উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের উদ্যোগে গতকাল চেন্নাইয়ে নর্থ ইস্ট ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট রোড শো আয়োজিত হয়। উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে শিল্প স্থাপনের জন্য বিনিয়োগের সুযোগ-সুবিধা খুঁজতে এই রোড শো কে ঘিরে আগ্রহী বিনিয়োগকারীদের মধ্যে আগ্রহ তৈরী হয়েছে। অনুষ্ঠানের সূচনা করেন উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক এবং যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য এম সিন্ধিয়া। অনুষ্ঠানে ডোনার মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী উত্তর-পূর্ব অঞ্চলের উন্নয়নের ওপর জোর দিয়ে বলেছেন, এই অঞ্চল দ্রুত শিল্পায়নের জন্য প্রস্তুত এক প্রধান অর্থনৈতিক সম্পদ। বিগত ১০

বছরে প্রধানমন্ত্রীর নেতৃত্বে উত্তর-পূর্বাঞ্চলের পরিকাঠামো ক্ষেত্রে বিশেষ করে, বিমান, সড়ক, রেল যোগাযোগ ও জলপথ ক্ষেত্রে যে সমস্ত উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ করা হয়েছে সেগুলির কথা উল্লেখ করেন কেন্দ্রীয় মন্ত্রী। এই অনুষ্ঠানটি ভারত জুড়ে একাধিক সফল রোড শোয়ের ক্ষেত্রে আরও একটি মাইলফলক হিসাবে চিহ্নিত হয়েছে এবং উত্তর-পূর্ব ভারতের অব্যবহৃত সম্ভাবনাকে তুলে ধরেছে।

PPC 2025 :

আগামী ১০ ফেব্রুয়ারী বহু প্রতীক্ষিত পরীক্ষা পে চর্চা ২০২৫ অনুষ্ঠিত হতে চলেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এদিন কথা বলবেন ছাত্র-ছাত্রী, অভিভাবক এবং শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে, দেবেন পরীক্ষার প্রস্তুতি, মানসিক চাপ প্রশমন এবং ব্যক্তিগত স্তরে উন্নতি সম্পর্কে বিশেষ পরামর্শ। এবছর সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের পর্ষদ, সরকারি বিদ্যালয়, কেন্দ্রীয় বিদ্যালয়, সৈনিক স্কুল, একলব্য মডেল আবাসিক স্কুল, সিবিএসই এবং নবোদয় বিদ্যালয়ের ৩৬ জন ছাত্র-ছাত্রীকে মনোনীত করা হয়েছে। নতুন মাত্রা যোগ করতে পিপিসি ২০২৫ একটি আকর্ষণীয় ৮টি এপিসোডের নতুন ফরম্যাট শুরু করছে। প্রধানমন্ত্রীর সঙ্গে প্রথম আলাপচারিতাটি সরাসরি সম্প্রচার হবে দূরদর্শন, স্বয়ম, স্বয়মপ্রভা, পিএমও ইউটিউব চ্যানেল এবং শিক্ষামন্ত্রক এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সোশ্যাল মিডিয়া চ্যানেলে, যাতে সারা দেশের দর্শকরা এই অভিজ্ঞতাবর্ধক অনুষ্ঠানে অংশ নিতে পারেন।

Medical Council Press Meet :

ত্রিপুরা স্টেট মেডিকেল কাউন্সিলের সভাপতি ডঃ সুশান্ত রায় জানান বর্তমানে রাজ্যে তিন হাজার ৮০৪ জন ডাক্তার ত্রিপুরা

স্টেট মেডিকেল কাউন্সিলে নাম নথিভুক্ত করেছেন। গতকাল কাউন্সিল অফিসে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ডঃ রায় এই তথ্য দিয়ে জানান ত্রিপুরা স্টেট মেডিকেল কাউন্সিলের এবং ন্যাশনাল মেডিকেল কাউন্সিলের গাইডলাইন অনুসারে রাজ্যে কর্মরত প্রত্যেক ডাক্তারকে স্টেট মেডিকেল কাউন্সিলে নাম রেজিস্ট্রেশন করা বাধ্যতামূলক। সেই কারনে এখনো পর্যন্ত যারা এই কাউন্সিলে নাম নথিভুক্ত করেননি তাদের অবিলম্বে রেজিস্ট্রেশন করার আহ্বান জানান তিনি।

Ratan Lal Nath :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, কৃষি বিজ্ঞান কেন্দ্র কৃষকদের সার্বিক বিকাশের একটি প্রতিষ্ঠান। এর সহযোগিতায় রাজ্যের কৃষকরা তাদের আয় বাড়াতে সক্ষম হবেন। গতকাল পানিসাগরে কৃষি বিজ্ঞান কেন্দ্রে কৃষি স্বর্ণ সমৃদ্ধি সপ্তাহ উপলক্ষে ৫ দিনব্যাপী কৃষি বিজ্ঞান মেলার উদ্বোধন করে তিনি একথা বলেন। এদিন কৃষিমন্ত্রী রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় পিগ ডেমোনস্ট্রেশন ইউনিটের শিলান্যাস করেন।

Help Desk Animesh Debbarma :

বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন পরিবেশ সুরক্ষায় জনগণকে অনুপ্রাণিত করতে সরকার উদ্যোগ নিয়েছে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশ সুরক্ষায় সরকার দায়বদ্ধ। গতকাল খুমলুঙস্থিত এডিসির প্রিন্সিপাল অফিসার ভবনে ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে একটি হেল্প ডেস্কের সূচনা করে তিনি একথা বলেন। শ্রী দেববর্মা বলেন, আগামীদিনে খুমলুঙে একটি এয়ার কোয়ালিটি মনিটরিং স্টেশন স্থাপন করা হবে।

WDC-PMKSY :

প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চয় যোজনার অধীনে গতকাল উদয়পুর দুধ পুস্কুরিনিতে মাইক্রোওয়াটার শেডের উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। তিনি বলেন গ্রামীণ এলাকায় কৃষকদের উন্নয়ন করতে না পারলে রাজ্যের কাঙ্ক্ষিত উন্নয়নের লক্ষ্যমাত্রায় পৌঁছানো সম্ভব নয়। তাই এই প্রকল্পের সফল বাস্তবায়নের মাধ্যমে কৃষকদের জীবনমান উন্নয়ন এবং অর্থনৈতিক বিকাশে সরকার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

Beti Bachao Beti Porao :

বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্পের দশ বছর পূর্তিতে বাল্য বিবাহ রোধ এবং কন্যা সন্তানের উপযুক্ত শিক্ষা প্রদানের জন্য গতকাল কল্যাণপুর লোটাস কমিউনিটি হলে শিশু সুরক্ষা মঞ্চের উদ্যোগে এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের উদ্বোধন করেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী। উপস্থিত ছিলেন খোয়াই জেলার অতিরিক্ত জেলা শাসক সুমিত পাণ্ডে, জেলা শিশু সুরক্ষা ইউনিটের অধিকর্তা সংগীতা দেবনাথ প্রমুখ।

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১৩ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।
